গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চুনারুঘাট, হবিগঞ্জ।
www.chunarughat.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬২৬.০০২.০২.০৬৪.২৩-৮৭৮ তারিখঃ ২১ জুন ২০২৩খ্রি.

**পবিত্র ঈদুল আযহা- ২০২৩ উপলক্ষে অস্থায়ী গরুর হাট ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি**
(বিজ্ঞপ্তি নং- ০১/১৪৩০)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদুল-আযহা ২০২৩ উপলক্ষে জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয়ের স্থানীয় সরকার শাখার ২০.০৬.২০২৩ খ্রি. তারিখের ০৫.৪৬.৩৬০০.০২.০১৪.২০-১২৬ নং স্মারকের অনুমতির ভিত্তিতে অত্র উপজেলার নিম্ন-ছকে বর্ণিত স্থান/বাজারে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানোর লক্ষ্যে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তাবলীর অধীনে নির্ধারিত সময়ের মধ্যে মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নির্ধারিত সিডিউল ফরম নগদ ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে ক্রয় করা যাবে।

| দরপত্র ফরম বিক্রির তারিখ, সময় ও স্থান | দরপত্র জমা প্রদানের তারিখ, সময় ও স্থান | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|
| ২২/০৬/২০২৩ খ্রিস্টাব্দ<br>বৃহস্পতিবার সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত<br>স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় চুনারুঘাট, হবিগঞ্জ | ২২/০৬/২০২৩ খ্রিস্টাব্দ<br>বৃহস্পতিবার বেলা ১২.০১ ঘটিকা হতে বেলা ৪:১৫ ঘটিকা পর্যন্ত<br>স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় চুনারুঘাট, হবিগঞ্জ | ২২/০৬/২০২৩ খ্রিস্টাব্দ<br>বৃহস্পতিবার বেলা ৪:৩০ ঘটিকা<br>স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় চুনারুঘাট, হবিগঞ্জ |

## :অস্থায়ী গরুর হাটসমূহের তালিকা:

| ক্রমিক | অস্থায়ী হাটের নাম | ইউনিয়নের নাম | সিডিউলের মূল্য | সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | বাসুল্লা বাজার | ১নং গাজীপুর ইউনিয়ন | ৫০০/- | ১১,৮০০.০০ |
| ০২ | আসামপাড়া বাজার | ১নং গাজীপুর ইউনিয়ন | ৫০০/- | ৪৭,৯০০.০০ |
| ০৩ | দেওরগাছ আদর্শ বাজার | ৩নং দেওরগাছ ইউনিয়ন | ৫০০/- | ১০,৫০০.০০ |
| ০৪ | সতং বাজার | ৪নং পাইকপাড়া ইউনিয়ন | ৫০০/- | ৬৭,৪৮৭.০০ |
| ০৫ | শাকির মোহাম্মদ বাজার | ৫নং শানখলা ইউনিয়ন | ৫০০/- | ১,১৩,৪২০.০০ |
| ০৬ | দুর্গাপুর বাজার | ৭নং উবাহাটা ইউনিয়ন | ৫০০/- | ৩৪,৪৫০.০০ |
| ০৭ | শায়েস্তাগঞ্জ বাজার | ৭নং উবাহাটা ইউনিয়ন | ৫০০/- | ১৬,৯৬০.০০ |
| ০৮ | বাসুদেবপুর বাজার | ৮নং সাটিয়াজুরী ইউনিয়ন | ৫০০/- | ৪৯,৭২৫.০০ |
| ০৯ | সুন্দরপুর বাজার | ৮নং সাটিয়াজুরী ইউনিয়ন | ৫০০/- | ১৭,৮৪৩.০০ |
| ১০ | গাজীগঞ্জ বাজার | ৯নং রাণীগাঁও ইউনিয়ন | ৫০০/- | ৩৬,৭৪৭.০০ |
| ১১ | রাণীগাঁও বাজার | ৯নং রাণীগাঁও ইউনিয়ন | ৫০০/- | ৭২,৫০৪.০০ |
| ১২ | বড়ঝুষ বাজার | ৯নং রানীগাঁও ইউনিয়ন | ৫০০/- | ১০,৫০০.০০ |
| ১৩ | জলিলপুর বাজার | ১০নং মিরাশী ইউনিয়ন | ৫০০/- | ৩৫,৮৯৯.০০ |
| ১৪ | নালমুখ বাজার | ১০নং মিরাশী ইউনিয়ন | ৫০০/- | ১৮,৭৯৭.০০ |

**ইজারা/নিলামের শর্তাবলী:**

১। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে।
২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের চেয়ে বেশী হতে হবে।
৩। যার দরপত্র গৃহীত হবে, প্রাপ্ত দরের উপর তৎক্ষনাৎ ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ অবশিষ্ট সমুদয় ইজারামূল্য অর্থাৎ ইজারা মূল্যের ৭৫% অর্থ নগদে পরিশোধ করতে হবে।
৪। সর্বোচ্চ দরদাতা ব্যক্তি কোন কারণে বাজার নিতে অপরাগ হলে কিংবা নির্ধারিত সময়ে অবশিষ্ট অর্থ, ভ্যাট ও আয়কর জমা না দিলে দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত ২৫% অর্থ বাজেয়াপ্ত ক্রমে বাজারটি পুনরায় নিলামের ব্যবস্থা করা হবে।
৫। কোন দরপত্রকারী একাধিক বাজারের নিলাম ডাকে অংশগ্রহণ করতে চাহিলে প্রতিটি বাজারের জন্য পৃথক পৃথক দরপত্র সিডিউল ক্রয় করে জামানত জমা করতে হবে।
৬। হাট বসানোর জন্য অনুমতি প্রদানের পর হতে ঈদুল-আযহা-২০২৩ পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানো যাবে।
৭। ইজারাদারকে অনুমোদিত টোল হার অনুযায়ী পাকা রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে।
৮। নিজ উদ্যোগে অস্থায়ী পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে।
৯। আদালতের নিষেধাজ্ঞা থাকলে কোন অবস্থাতেই হাট বসানো যাবে না।

১০। নিজ উদ্যোগে অস্থায়ী জেনারেটর এর মাধ্যমে বিদ্যুৎ এর ব্যবস্থা করতে হবে।
১১। নিজস্ব স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।
১২। দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
১৩। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন এবং জাতীয়/আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন অস্থায়ী পুশুর হাট বসানো যাবে না।
১৪। হাটে প্রবেশ ও বাহির হওয়ার জন্য আলাদা পথ রাখতে হবে এবং ক্রেতা, বিক্রেতা ও সংশ্লিষ্টদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।
১৫। হাটের প্রবেশ পথে হাত ধোয়া, শৌচাগার এবং জীবানুনাশকের ব্যবস্থা রাখতে হবে।
১৬। ইজারাদারকে নিজ উদ্যোগে পশুরহাট পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঈদের পর পরই ব্যবহৃত মালামাল অপসারণ করতে হবে।
১৭। হাটে একটি পশুর সারি হতে আরেকটি সারির দূরত্ব অন্ততপক্ষে ১৫ ফুট রাখতে হবে।
১৮। যে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা সংঘঠিত হওয়ার পূর্বে তাৎক্ষণিক আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে।
১৯। প্রস্তাবিত মাঠ বা স্থানের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে হাট বসানোর অনাপত্তি প্রস্তাবকারী প্রতিষ্ঠান কর্তৃক সংগ্রহ করতে হবে।
২০। গরুর বাজার ও আশেপাশের এলাকা সিসি টিভি দ্বারা পর্যবেক্ষণের আওতায় রাখতে হবে।
২১। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৬/২৩
সিদ্ধার্থ ভৌমিক
উপজেলা নির্বাহী অফিসার
চুনারুঘাট, হবিগঞ্জ
ফোনঃ ০২৯৯৬-৬০৮৪০১
ফ্যাক্সঃ ০২৯৯৬-৬০৮৪৮৩
unochunarughat@gmail.com

স্মারক নং- ০৫.৪৬.৩৬২৬.০০২.০২.০৬৪.২৩-৮৭৮ তারিখঃ ২১ জুন ২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৪। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
০৬। সিভিল সার্জন, হবিগঞ্জ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুনারুঘাট, হবিগঞ্জ।
০৮। উপজেলা নির্বাহী অফিসার......................(সকল), হবিগঞ্জ।
০৯। মেয়র, হবিগঞ্জ/চুনারুঘাট/মাধবপুর/নবীগঞ্জ/শায়েস্তাগঞ্জ/আজমিরীগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ।
১০। উপজেলা ........................... কর্মকর্তা (সকল), হবিগঞ্জ।
১১। সহকারী কমিশনার (ভূমি),......................(সকল), হবিগঞ্জ।
১২। উপজেলা ......................... অফিসার ও সদস্য সচিব/সদস্য, উপজেলা হাট-বাজার মূল্যায়ণ কমিটি, চুনারুঘাট, হবিগঞ্জ। তাঁকে বর্ণিত তারিখ ও সময়ে হাট-বাজার মূল্যায়ন কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
১৩। অফিসার ইনচার্জ, চুনারুঘাট থানা।
১৪। সাব রেজিস্ট্রার, চুনারুঘাট, হবিগঞ্জ।
১৫। চেয়ারম্যান ......................... ইউপি ( সকল),চুনারুঘাট, হবিগঞ্জ।
১৬। ব্যবস্থাপক,......................ব্যাংক (সকল), চুনারুঘাট, হবিগঞ্জ।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.................. (সকল), ইউনিয়ন ভূমি অফিস, চুনারুঘাট, হবিগঞ্জ। তাকে তার এলাকার হাট-বাজারে ঢোল সহরত/মাইকিং এর মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৮। সভাপতি/সম্পাদক,.......................... বাজার কমিটি, চুনারুঘাট, হবিগঞ্জ।
১৯। জনাব ...............................চুনারুঘাট, হবিগঞ্জ।
২০। নোটিশ বোর্ড/অফিস কপি।

২১/০৬/২৩
সিদ্ধার্থ ভৌমিক
উপজেলা নির্বাহী অফিসার
চুনারুঘাট, হবিগঞ্জ